136

তারিখ ... 14 FEB 1994 ..
পৃষ্ঠা ৮ কলাম ৯

আজকের কাগজ

# ঢাবি'র সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল ও ফিন্যান্স কমিটির নির্বাচনে আওয়ামী লীগপন্থী নীল প্যানেল ১৩টি পদের মধ্যে সাতটিতে এবং বিএনপি ও জামাতপন্থী সাদা প্যানেল ছয়টি পদে জয়লাভ করেছে। সিন্ডিকেটের ছয়জন প্রতিনিধির মধ্যে নীল প্যানেলের তিনজন নির্বাচিত হন। এরা হলেন-ডঃ মোহাম্মদ মসিহুজ্জামান, ডঃ আবুল কালাম আজাদ চৌধুরী ও ডঃ মোঃ আনোয়ার হোসেন। সাদা প্যানেল থেকে নির্বাচিত সিন্ডিকেট সভার তিন প্রতিনিধি হলেন-ডঃ জিন্নাতুন্নেছা তাহমিদা বেগম, ডঃ মোসলেহ উদ্দিন আহমদ (তারেক) ও মোঃ মিজানুর রহমান। একাডেমিক পরিষদে নীল প্যানেলের চার এবং সাদা প্যানেলের দু'জন নির্বাচিত হন। নীল প্যানেল থেকে নির্বাচিতরা হলেন-ডঃ গালিব আহসান খান, ডঃ শওকত হোসেন, মোঃ আলী আক্কাস ও ডঃ শহীদ আকতার হোসাইন।